# জে এস সি পরীক্ষা - ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ সাজিদ একটি ঔষধের দোকানে কাজ করে। সে মানুষের সাথে কথা দিয়ে কথা রাখে না এবং গোপনে ঔষধ বিক্রি করে ক্যাশ বাক্সে টাকা না রেখে নিজের পকেটে রাখে। অপরদিকে সাকিব মুখে ও অন্তরে আল্লাহকে এক ও অদ্বিতীয় বলে বিশ্বাস করে। ইসলামের যাবতীয় বিধিবিধান মেনে চলে।

ক. আকাইদ কিসের প্রধান ভিত্তি? ১

খ. আমরা আখিরাতে বিশ্বাস করি কেন? ২

গ. সাকিব ইমানের কোন মৌলিক বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সাজিদ এর কর্মকাণ্ডে কী প্রকাশ পেয়েছে? এর কুফল ও পরিণতি ব্যাখ্যা করো। ৪

২.▶ সালিম ও সাদিম দুই বন্ধু। তারা ইসলামের বিভিন্ন বিষয় নিয়ে কথা বলছিল। সালিম বলল, পৃথিবীর জীবনই সবকিছু। মৃত্যুর পর আর কিছুই নেই। তাই যা কিছু সাধ-আহলাদ আছে তা পূরণ করতে হালাল-হারামের বালাই নেই। এ কথা শুনে সাদিম বলল, দুনিয়ার সব কাজকর্মের জন্য আমাদেরকে জবাবদিহি করতে হবে।

ক. 'কিয়ামত' শব্দের অর্থ কী? ১

খ. রিসালাতের তাৎপর্য ব্যাখ্যা করো। ২

গ. সালিমের ধারণা কোন বিশ্বাসের পরিপন্থি? ব্যাখ্যা করো। ৩

ঘ. সাদিমের বক্তব্যের যথার্থতা ইসলামের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩. ★ খালেক ও মালেক দুই ভাই। খালেক রংপুর সিটি কর্পোরেশনের একজন সরকারি কর্মকর্তা হওয়ায় যথাসময়ে কর্মস্থলে আসে ও অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করে। কোনো কাজের জন্য বিনিময় গ্রহণ করেন না। মালেক অর্থনীতিতে এমএ পাস করা সত্ত্বেও কোনো চাকরি বা ব্যবসা-বাণিজ্য করে না। সে তার বড় ভাইয়ের সংসারে থাকে এবং বড় ভাইয়ের উপার্জনের ওপর নির্ভর করে।

https://teachingbd24.com

ক. 'আল্লাহ হাসিবুন' অর্থ কী? ১
খ. আমরা আল্লাহর গুণে গুণান্বিত হবো কেন? ২
গ. মালেক মহান আল্লাহর কোন গুণটি অনুসরণ করতে ব্যর্থ হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. খালেকের কর্মকাণ্ড কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪.▶ আবু তাহের একজন অসহায় পঙ্গু লোক। সে তার চিকিৎসার জন্য আমিন সাহেবের নিকট যাকাতের টাকা চাইলে তিনি বললেন, আমার সমুদয় টাকা মসজিদ উন্নয়ন ও ইমাম-মুয়াজ্জিনের বেতন বাবদ দান করে দিয়েছি।
ক. যাকাত ফরজ হওয়ার শর্ত কয়টি? ১
খ. যাকাতের নিসাব বলতে কী বোঝায়? ২
গ. আমিন সাহেবের যাকাত আদায় সঠিক হয়েছে কিনা তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. অর্থনৈতিক ভারসাম্য রক্ষায় যাকাতের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৫. ★ হাফিজ সাহেব একজন গার্মেন্টস মালিক। হজ ফরজ হওয়া সত্ত্বেও তা পালন করছেন না। তার ধারণা হলো মানুষ পাপ মোচনের জন্য হজ করে থাকেন। তিনি এমন কোনো পাপ করেননি যার জন্য তাকে হজ করতে হবে। অপরদিকে হানিফ সাহেব হজ ফরজ হওয়ার সাথে সাথে হজ পালন করেন। কারণ তিনি মনে করেন, হজ পালনের মাধ্যমে তার আত্মশুদ্ধি ঘটবে।
ক. হজ অর্থ কী? ১
খ. 'উশর' বলতে কী বোঝ? সংক্ষেপে লেখ। ২
গ. হাফিজ সাহেবের এরূপ ধারণা কীরূপ? ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে হানিফ সাহেবের এরূপ মনোভাবের যথার্থতা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬.▶ ২০০৭ সালে বাংলাদেশের দক্ষিণাঞ্চলে ঘটে যাওয়া সিডরের ভয়াবহতার দৃশ্য মনে হলে এখনো গা শিউরে ওঠে। সেদিনের রাতে মানুষ বাঁচার জন্য ছোটাছুটির একপর্যায়ে সমুদ্র থেকে আসা জলোচ্ছ্বাসের প্রকোপে বিপুল জনগোষ্ঠীর প্রাণহানি ঘটে। সিডরের কথা শুনে অষ্টম শ্রেণির ছাত্র তানভীরের একটি বিশেষ সূরার কথা মনে পড়ে। এ সূরা অধ্যয়নের মাধ্যমে কিয়ামতের কাঠিন্যের কথা অনুভব করে ছোট বড় সকল পাপ থেকে বেঁচে থাকার চেষ্টা করে।

Teachingbd24.com

ক. 'আলফুন' শব্দের অর্থ কী? ১
খ. 'তাজবিদ' বলতে কী বোঝায়? ২
গ. তানভীরের কোন সূরাটির কথা মনে পড়ে যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. তানভীরের মনে পড়া সূরাটি থেকে কী শিক্ষা নেওয়া যায়? বিশ্লেষণ করো। ৪

৭. ▶ আরহাম শরীফ জিলা স্কুলের অষ্টম শ্রেণির ছাত্র। গত রমজান মাসে সে নুরানী কুরআন শিক্ষা ক্লাসে যোগ দিয়ে প্রতিদিন দুই ঘণ্টা সময় ব্যয় করে। এ দুই ঘণ্টা সে যেখানে ব্যয় করেছে, সেখানে মাখরাজ, তানবিন, মাদ, গুন্নাহ, সিফাত ইত্যাদি শিক্ষা দেয়া হয়। মাস শেষে রোজা রাখার পাশাপাশি সে তার এই দুই ঘণ্টা ব্যয়কে শ্রেষ্ঠ অর্জন মনে করে। কারণ সে এখন আল-কুরআন শুদ্ধভাবে তিলাওয়াত করতে পারে। আর আল-কুরআন তিলাওয়াতের ফযিলত লাভের ক্ষেত্রে এ বিষয়টিকে সে আবশ্যক মনে করে।

ক. কুরআন শব্দটি আরবি কোন শব্দমূল থেকে উদ্ভূত? ১
খ. 'কুরআন মাজিদ জ্ঞান বিজ্ঞানের উৎস' বুঝিয়ে লেখো। ২
গ. আরহাম শরীফ গত রমজান মাসে কোন বিষয়টির জ্ঞান অর্জন করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. আরহাম শরীফের সর্বশেষ ভাবনার যথার্থতা নিরূপণ করো। ৪

৮. ✪ মায়ানমার সরকারের জ্বালাও-পোড়াও, চরম নির্যাতনের শিকার হয়েও ঘরবাড়ি হারিয়ে নিঃস্ব হয়ে আরাকান রাজ্যের লক্ষ লক্ষ রোহিঙ্গা মুসলিম নর-নারী ও শিশু বাংলাদেশে আশ্রয় নিয়েছে। এ দেশের সরকার ও জনগণ এর জোর নিন্দা জানায় এবং তাদের সুষ্ঠু ও সুন্দর জীবনযাপনের জন্য সার্বিক সহযোগিতার হাত বাড়িয়ে দেয়। এমন নিষ্ঠুর আচরণের পরও মায়ানমার থেকে আগত বৌদ্ধ ভিক্ষুদের সাথে এ দেশের মুসলিমরা সৌজন্যমূলক আচরণ করেন। এটাই ইসলামের শিক্ষা।

ক. ভ্রাতৃত্বের আরবি প্রতিশব্দ কী? ১
খ. পরমত সহিষ্ণুতা বলতে কী বোঝায়? ২
গ. বৌদ্ধ ভিক্ষুদের প্রতি মুসলিম ভাইদের আচরণ কোন ভ্রাতৃত্বকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর এ দেশের মুসলিম ভাইয়েরা ইসলামি ভ্রাতৃত্বকে লালন করছেন? তোমার যৌক্তিক মতামত দাও। ৪

https://teachingbd24.com

৯. ★ সদর হাজী সাহেব দরিদ্র জনগোষ্ঠীকে নিরক্ষরতার হাত থেকে মুক্ত করার জন্য তিনি নিজ এলাকায় একটি হাই স্কুল ও একটি দাখিল মাদ্রাসা প্রতিষ্ঠা করেন। এছাড়াও তিনি গঙ্গাচড়া উপজেলা সংলগ্ন তিস্তা নদী তীরবর্তী স্থানে একটি কলেজ প্রতিষ্ঠা করেন এবং বিভিন্ন দুর্যোগে দুর্গতদের পাশে দাঁড়ানো তার অভ্যাসে পরিণত হয়েছে। এসব কাজকে তিনি আল্লাহর নির্দেশ বলে ভাবেন এবং এর মাধ্যমে আল্লাহর সাহায্য লাভ করা যায় বলে তিনি মনে করেন।

ক. 'জাতির নেতা তিনিই যিনি তাদের সেবক'— এটি কার বাণী? ১

খ. 'চরিত্র মানুষের ভূষণ'— বুঝিয়ে লেখ। ২

গ. সদর হাজী সাহেবের কাজে আখলাকে হামিদাহর কোন বৈশিষ্ট্যটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সদর হাজী সাহেবের শেষোক্ত ভাবনার যথার্থতা বিশ্লেষণ করো। ৪

১০. ▶ মক্কা বিজয় প্রসঙ্গে আমানের এক প্রশ্নের জবাবে বেলাল স্যার বলেন, মক্কা বিজয়ের পর মক্কাবাসীরা আশঙ্কা করেছিল, মুহাম্মদ (স) তাদের অপরাধের প্রতিশোধ নিবেন। কিন্তু মহানবি (স) তা করেননি। তিনি বলেছেন, 'আজ তোমাদের বিরুদ্ধে কোনো অভিযোগ নেই। যাও তোমরা মুক্ত-স্বাধীন।' তিনি আরও বলেছেন, 'আবু সুফিয়ানের ঘরে যে আশ্রয় নিবে সেও নিরাপদ।'

ক. ফেরআউনের স্ত্রীর নাম কী? ১

খ. মুজিজা বলতে কী বোঝ? ২

গ. আমান মক্কা বিজয় থেকে কী শিক্ষা নিতে পারে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত রাসুল (স) এর সর্বশেষ উক্তিটি বিশ্লেষণ করো। ৪

১১. ▶ ইশরাক একজন নবির কাহিনি পড়ছিল। উক্ত নবি ছিলেন একজন বাদশাহ। তিনি পশুপাখি, জীবজন্তু ও জিন-ইনসানের ভাষা বুঝতেন। তাঁর বিচার শক্তি ছিল খুব প্রখর। আল্লাহ বাতাসকে তাঁর অনুগত করে দিয়েছেন।

ক. গনিমত কাকে বলে? ১

খ. হুদহুদ পাখিকে সুলায়মান (আ) এর গোয়েন্দা বলা হতো কেন? ২

গ. ইশরাক কোন নবির কাহিনি পড়ছিল? তার থেকে কীভাবে আমরা শাসনকার্য ও বিচারকার্য পরিচালনা শিখতে পারি? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিত দেওয়া নবির অলৌকিক কাহিনীসমূহ বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট | মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণসংবলিত বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ ইসলামের অনুসারী হওয়ার জন্য সর্বপ্রথম করণীয় কী?
ক) সালাত আদায় করা
খ) হজ পালন করা
গ) কতিপয় মৌলিক বিষয়ে বিশ্বাস স্থাপন করা
ঘ) আখিরাতে বিশ্বাস স্থাপন করা

২. তাকদিরের প্রতি ইমান আনতে হবে। কারণ এটি—
ক) শরিয়তের অঙ্গ
খ) ইমানের অঙ্গ
গ) ইসলামের অংশ
ঘ) অপরিবর্তনশীল

৩. মুনাফিকদের চারিত্রিক বৈশিষ্ট্য—
i. তারা সব ধরনের অন্যায় ও মন্দ কাজ করে
ii. উত্তম আদর্শ ও চরিত্র অনুশীলন করে না
iii. মিথ্যা ও প্রতারণা তাদের প্রধান কাজ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) ii ও iii
গ) i ও iii
ঘ) i, ii ও iii

৪. ★ 'যখন তারা ইমানদারদের সাথে মিলিত হয় তখন বলে নিশ্চয়ই আমরা ইমান এনেছি'— আয়াতটি কোন সূরার?
ক) সূরা আর রাহমান
খ) সূরা আল বাকারা
গ) সূরা মুমিন
ঘ) সূরা মুনাফিকুন

৫. ★ আখিরাতে বিশ্বাসের সর্বোচ্চ বাস্তবতা—
ক) ইমান পরিপূর্ণ করা
খ) মহান আল্লাহর আদেশ পালন
গ) দুনিয়ার নৈতিকতা অনুসরণ
ঘ) পাপকে বর্জন

৬. 'অতি স্নেহশীল' এর আরবি প্রতিশব্দ কী?
ক) সামাদুন
খ) রাউফুন
গ) কারিমুন
ঘ) খালিকুন

৭. ★ হাদিসের ভাষ্যমতে রাসুলের সংখ্যা হলো—
i. ৩১৩ জন
ii. ২৫ জন
iii. ৩১৫ জন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) ii
গ) ii ও iii
ঘ) i ও iii

৮. দানশীল ব্যক্তির পুরস্কার—
i. তিনি আল্লাহর নিকটবর্তী
ii. জাহান্নাম থেকে দূরবর্তী
iii. আল্লাহর বান্দাদের নিকটবর্তী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) ii ও iii
গ) i ও iii
ঘ) i, ii ও iii

৯. ইসলামের মৌলিক বিষয় কয়টি?
ক) দুটি
খ) তিনটি
গ) পাঁচটি
ঘ) সাতটি

১০. ইবাদাতের মূল লক্ষ্য কী?
ক) আল্লাহর সন্তুষ্টি অর্জন
খ) নবি ও রাসুলের সন্তুষ্টি অর্জন
গ) ফেরেশতাদের সন্তুষ্টি অর্জন
ঘ) জান্নাত লাভ এর প্রত্যাশা

১১. ★ নিসাব পরিমাণ সম্পদ ব্যক্তির নিকট কমপক্ষে কত সময় স্থায়ী থাকলে যাকাত দিতে হবে?
ক) ছয় মাস
খ) এক বছর
গ) এক মাস
ঘ) দুই বছর

১২. 'আল্লাহর পথে' এর আরবি কী?
ক) ফি লিল্লাহ
খ) ফি সাবিলিন
গ) ফি সাবিলিল্লাহ
ঘ) ফি আল্লাহ

১৩. জাতীয় জীবনে হজ কী সৃষ্টি করে?
ক) মুসলমানদের মধ্যে ভালোবাসা
খ) বিশ্বভ্রাতৃত্ব
গ) সকলের প্রতি মায়া
ঘ) ভালো কাজের মনোভাব

১৪. ★ 'আল-হুদা' অর্থ—
ক) পার্থক্যকারী
খ) দয়া
গ) পথ প্রদর্শক
ঘ) রহমত

১৫. তাজবিদ অনুসারে কুরআন তিলাওয়াত করা—
ক) ফরজ
খ) ওয়াজিব
গ) নফল
ঘ) মুস্তাহাব

Teachingbd24.com
https://teachingbd24.com

১৬. মিম সাকিন পড়ার নিয়ম কয়টি?
(ক) ২টি　(খ) ৩টি
(গ) ৪টি　(ঘ) ৫টি

১৭. হাবিবা 'মিন খাইরিন' কথাটি পড়বে সে কোন নিয়মে এটি পড়বে?
(ক) ইযহার　(খ) কলব
(গ) ইদগাম　(ঘ) ইখফা

১৮. আবরাহা বাহিনীকে ধ্বংসের জন্য প্রেরিত পাখিগুলো কয়টি করে কঙ্কর নিয়ে এসেছিল?
(ক) তিনটি　(খ) চারটি
(গ) পাঁচটি　(ঘ) সাতটি

১৯. সূরা যিলযালের আলোচ্য বিষয়—
(ক) কিয়ামতের ভয়াবহ অবস্থার বিবরণ
(খ) দোযখের ভয়াবহ অবস্থার বিবরণ
(গ) কবরে আযাবের বিবরণ
(ঘ) বেহেশতের সুখের বিবরণ

২০. ★ কাবার দায়িত্বে থাকার জন্য কুরাইশরা—
i. আরব শাসন করেছিল
ii. মান সম্মানের অধিকারী হয়েছিল
iii. ধন সম্পদের অধিকারী হয়েছিল
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

২১. ★ কোনটি মানুষের পারলৌকিক জীবনকে দুঃসহ করে তোলে?
(ক) অহংকার　(খ) অশ্লীলতা
(গ) সন্ত্রাস　(ঘ) গিবত

২২. 'আল্লাহ তায়ালা বলেছেন, অহংকার আমার ভূষণ'— কোন হাদিস গ্রন্থের বাণী?
(ক) বুখারি　(খ) মুসলিম
(গ) তিরমিযি　(ঘ) নাসাঈ

২৩. অপরের মত, পথ বা আদর্শকে কী বলে?
(ক) গণতন্ত্র　(খ) পরমত
(গ) মতাদর্শ　(ঘ) সহিষ্ণুতা

নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:

আমির সাহেব ধনী লোক। তিনি সিদ্ধান্ত নিলেন এলাকায় একটি কলেজ প্রতিষ্ঠা করবেন।

২৪. আমির সাহেবের কলেজ প্রতিষ্ঠার উদ্দেশ্য—
(ক) সুনাম অর্জন　(খ) নির্বাচন করা
(গ) সমাজসেবা　(ঘ) সম্মান অর্জন

২৫. আমির সাহেবের এরূপ উদ্যোগে সমাজ থেকে দূর হবে—
(ক) দারিদ্র্য　(খ) হানাহানি
(গ) নিরক্ষরতা　(ঘ) চাঁদাবাজি

২৬. ★ 'দেশপ্রেম ইমানের অঙ্গ' উক্তিটি কার?
(ক) আল্লাহ তায়ালার　(খ) রাসুলুল্লাহ (স)-এর
(গ) জ্ঞানীদের　(ঘ) মুমিনদের

২৭. বিশাল বিস্তৃত রাজ্য শাসন করতেন কে?
(ক) হযরত আদম (আ)
(খ) হযরত আলী (আ)
(গ) হযরত দাউদ (আ)
(ঘ) হযরত সুলাইমান (আ)

২৮. ★ মিসরের পিরামিডে এখনো ফিরআউনের লাশ সংরক্ষিত আছে। মমিকৃত ফিরআউনের লাশটি কোন নবির সময়ের?
(ক) হযরত সুলাইমান (আ)-এর সময়ের
(খ) হযরত দাউদ (আ)-এর সময়ের
(গ) হযরত মুসা (আ)-এর সময়ের
(ঘ) হযরত ঈসা (আ)-এর সময়ের

২৯. পৃথিবী ধ্বংস হওয়ার আগে কোন নবি পৃথিবীতে পুনরায় আগমন করবেন?
(ক) মুহাম্মদ (স)　(খ) হযরত ঈসা (আ)
(গ) হযরত মুসা (আ)　(ঘ) হযরত আদম (আ)

৩০. বিদায় হজের ভাষণ তোমাকে অনুপ্রাণিত করে—
i. আমানত রক্ষায়
ii. সুদ প্রথা বর্জনে
iii. কাজের লোকদের সাথে সদাচরণ করতে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | গ | ২১ | খ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ |

Teachingbd24.com

https://teachingbd24.com